“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন
করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ শাহীনুর ইসলাম<br>পরিচালক (পিএসসি) |
| সভার তারিখ | ১৮-০৯-২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | অনলাইন |
| উপস্থিতি | রেকর্ডেড |

**বিষয়: পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক অনুষ্ঠিত ১ম সভার কার্যবিবরণী।**

সংস্থার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে অনলাইনে সংযুক্ত পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং নির্দেশিকায় উল্লিখিত তথ্যাদি নিয়ে বিশদ আলোচনা করেন। এছাড়া কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি মহোদয় দিকনির্দেশনা প্রদান করেন। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৩টি ক্যাটাগরি ভিত্তিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে যা নিম্নরূপ:

- ক) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ (মন্ত্রণালয়/বিভাগের জন্য)
- খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ (দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের জন্য)
- গ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ (মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য)

উপর্যুক্ত ৩টি কর্মপরিকল্পনার মধ্যে APAMS সফটওয়্যার-এর মাধ্যমে প্রাপ্ত পেট্রোবাংলার জন্য "দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের জন্য" কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়েছে। কিন্তু সংস্থার আওতাধীন কোম্পানিসমূহের মধ্যে কিছু কোম্পানিতে APAMS সফটওয়্যার-এর মাধ্যমে "দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসের জন্য" কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়েছে এবং কিছু কোম্পানিতে "মাঠ (জেলা) পর্যায়ের অফিসের জন্য" কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়েছে মর্মে কোম্পানির ইনোভেশন টিমের প্রতিনিধিবৃন্দ সভাকে অবহিত করেন।

যেহেতু পেট্রোবাংলা দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিস-এর জন্য প্রযোজ্য কর্মপরিকল্পনা গ্রহণ করেছে, সে মোতাবেক পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ মাঠ পর্যায়ের অফিস হিসেবে বিবেচিত হবে মর্মে সভায় আলোচনা হয়। উল্লেখ্য যে, সকল কোম্পানি একইরকম কর্মপরিকল্পনা-এর অন্তর্ভুক্ত না হলে কর্মপরিকল্পনায় কয়েকটি সূচকে কার্যক্রম ভিন্নতর হতে পারে বিধায় অর্ধ-বার্ষিক/বার্ষিক মূল্যায়নসহ অন্যান্য বিষয় সমন্বয় করা দুরূহ হবে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

১.০। সিদ্ধান্ত: পেট্রোবাংলার এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে APAMS সফটওয়্যার-এ পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানির জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এ মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনা হিসেবে অন্তর্ভুক্ত/পরিবর্তন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
কার্যব্যবস্থায়: ইনোভেশন টিম, পেট্রোবাংলা।

২। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে কর্মসম্পাদন সূচকে বর্ণিত বিভিন্ন কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে সভায় নানাবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন এর ক্ষেত্রে গুণগত মান, ব্যবহারকারীর সংখ্যা ইত্যাদি এবং ৪র্থ শিল্প বিপ্লব ও স্মার্ট বাংলাদেশ বিবেচনায় উদ্ভাবনী ধারণা/সেবা সহজিকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করা হয়। একইসাথে ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন নির্দেশিকায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমানকসহ) ত্রৈমাসিক ভিত্তিতে প্রেরণের জন্য উল্লেখ রয়েছে, যা সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত:
২.০। ক) কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যাদি নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং খ) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমানকসহ) ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৭(সাত) তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।
কার্যব্যবস্থায়: সকল কোম্পানির ইনোভেশন টিম।

**সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

মোঃ শাহীনুর ইসলাম
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.৩৭

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

৯) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১০) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

১২) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

১৪) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৫) মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট), পেট্রোবাংলা, ঢাকা।

১৬) মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।

১৭) উপ-মহাব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।

১৮) ব্যবস্থাপক (ভিজিলেন্স), পেট্রোবাংলা, ঢাকা।

১৯) ব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা, ঢাকা।



শাহনেওয়াজ পারভেজ
মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট)